



তদবির সংস্কৃতি বন্ধ করে মেধাকে অগ্রাধিকার দিতে হবে: মির্জা ফখরুল



মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

তদবির সংস্কৃতি বন্ধ করে সর্বক্ষেত্রে যোগ্যতাকেই অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়েছেন বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শুক্রবার (১৩ মার্চ) সন্ধ্যায় রাজধানীর কৃষিবিদ ইন্সটিটিউট মিলনায়তনে ঠাকুরগাঁও জেলা সমিতি আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে বক্তব্য রাখতে গিয়ে তিনি এ কথা বলেন। মির্জা ফখরুল বলেন, সমাজে ন্যায়সংগত সুযোগ নিশ্চিত করতে হলে সুপারিশনির্ভর ব্যবস্থা বন্ধ করতে হবে এবং মেধা ও যোগ্যতার ভিত্তিতেই মূল্যায়ন করতে হবে। তিনি আরও জানান, স্বল্পআয়ের মানুষকে স্বাবলম্বী করতে ১০ থেকে ২০ লাখ টাকার ঋণ সহায়তা কার্যকর হতে পারে। এতে অনেক পরিবার নিজের পায়ে দাঁড়ানোর সুযোগ পাবে। চাকরির বর্তমান বাজারকে কঠিন উল্লেখ করে তিনি বলেন, তরুণদের আত্মকর্মসংস্থানের পথ তৈরি করতে সম্মিলিত উদ্যোগ প্রয়োজন। এ সময় নিজ জেলা ঠাকুরগাঁওয়ে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন, ফোরলেন মহাসড়ক নির্মাণসহ বিভিন্ন অবকাঠামো উন্নয়নের প্রতিশ্রুতিও দেন তিনি।